16 MAR 2018
তারিখ ~~17 MAR 2018~~
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিকের সমমর্যাদায় ইবতেদায়ি শিক্ষকরা

■ বিশেষ প্রতিনিধি

দীর্ঘ ২৪ বছর পর স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সমান মর্যাদা পেতে যাচ্ছেন। এ ক্ষেত্রে শিক্ষকদের যোগ্যতা স্নাতক বা সমমানের নির্ধারণ করা হয়েছে। নতুন মাদ্রাসা স্থাপন ও পরিচালনায় ১৯টি শর্ত জুড়ে দিয়ে খসড়া নীতিমালা চূড়ান্ত করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের 'নীতিমালা প্রণয়ন কমিটি' নীতিমালা চূড়ান্ত করেছে। এখন জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য পাঠানো হবে। অনুমোদন মিললেই কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হবে।

## নীতিমালা চূড়ান্ত

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (মাদ্রাসা) ও নীতিমালা প্রণয়ন কমিটির আহ্বায়ক রওনক মাহমুদ বলেন, 'স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকদের প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সমান মর্যাদা দেওয়ার প্রস্তাব করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মতো শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ, মাদ্রাসা পরিচালনায় সরকারের নিয়ন্ত্রণসহ যাবতীয় বিষয় নীতিমালায় প্রস্তাব করা হয়েছে।'

খসড়া নীতিমালায় বলা হয়েছে, মহানগর, পৌর ও শহর এলাকার মাদ্রাসায় কমপক্ষে ২০০ এবং মফস্বল এলাকায় ১৫০ শিক্ষার্থী থাকতে হবে। পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষায় ৫০ শতাংশ শিক্ষার্থীকে অংশগ্রহণ করতে হবে। ২০ ভাগ শিক্ষার্থীকে পাস করতে হবে। জনবল কাঠামোর বিষয়েও সুনির্দিষ্ট নির্দেশনা দেওয়া হয়েছে। মাদ্রাসাগুলোতে মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের অনুমোদিত সিলেবাস ও পাঠ্যপুস্তকে পাঠদান করাতে হবে। সহশিক্ষা হিসেবে কিরাত, হামদ, নাত প্রতিযোগিতা, বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতিচর্চা, বৃক্ষরোপণ, কাব দল (স্কাউটিং), পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করতে হবে। মাদ্রাসা পরিচালনা কমিটির রূপরেখাও বলে দেওয়া হয়েছে নীতিমালায়।

নীতিমালায় বলা হয়েছে, একটি মাদ্রাসা থেকে আরেকটি মাদ্রাসার দূরত্ব শহর এলাকায় এক কিলোমিটার ও মফস্বল এলাকায় দুই কিলোমিটার হতে হবে। এ ছাড়া নির্দিষ্ট পরিমাণ জমি, ভবন ও শিক্ষার্থীদের জন্য সুবিধা নিশ্চিত করার কথা বলা হয়েছে।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সূত্র জানায়, গত বছরের অক্টোবরে মাদ্রাসা বিভাগের অতিরিক্ত সচিব রওনক মাহমুদকে আহ্বায়ক করে ১১ সদস্যের একটি নীতিমালা প্রণয়ন কমিটি গঠন করা হয়। এ কমিটিই নীতিমালার খসড়া তৈরি করেছে।

দেশে ৬ হাজার ৯৯৮টি ইবতেদায়ি মাদ্রাসা আছে। তবে ২০১৬ সালের ব্যানবেইসের হিসাবে এ সংখ্যা মাত্র ৩ হাজার ৪৩৩টি। এর মধ্যে সরকারি অনুদানপ্রাপ্ত মাদ্রাসার সংখ্যা ১ হাজার ৫১৯টি। এসব মাদ্রাসায় ১৫ হাজার ২৪৩ জন শিক্ষক এবং ছাত্রছাত্রীর সংখ্যা ৫১ হাজার ৯৯৭ জন। তবে এর বাইরেও অনেক মাদ্রাসা রয়েছে।